গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।
www.phulchari.gaibandha.gov.bd

নম্বর-০৫.৫৫.৩২২১.০০২.২৮.০১৬.২৪. ৫২

তারিখ: ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪

## "হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফুলছড়ি উপজেলার অন্তর্গত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) সন মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে এ অফিসের নির্ধারিত সিডিউল ফরমে পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলছড়ি, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা এবং ফুলছড়ি থানা, ফুলছড়ি ও সোনালী ব্যাংক পিএলসি. ফুলছড়ি শাখা হতে সংগ্রহ করা যাবে।

### হাট-বাজারের বিবরণ

| ক্র/নং | হাট-বাজারের নাম | সরকারি মূল্য (টাকা) | সিডিউল মূল্য (টাকা) | দরপত্র বিক্রি, দরপত্র বাক্সে সীলমোহরকৃত খামে দরপত্র দাখিলের তারিখ ও সময় এবং দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১) | ফুলছড়ি হাট (পশু হাটসহ) | ৫৭,৭২,৫০০/- | ১২,২০০/- | **১) ১ম পর্যায়:**<br>**দরপত্র বিক্রির তারিখ ও সময়:**<br>পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৩/০২/২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন।<br>**দরপত্র বাক্সে দরপত্র দাখিলের তারিখ ও সময়:**<br>তারিখ: ১৪/০২/২০২৪ খ্রি. সময়: সকাল ৯.০০টা হতে বেলা ১.০০টা পর্যন্ত<br>**দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়:**<br>তারিখ: ১৪/০২/২০২৩ খ্রি. সময়: বেলা-২.৩০ টা।<br>**২) ২য় পর্যায়:**<br>**দরপত্র বিক্রির তারিখ ও সময়:**<br>১৫/০২/২০২২ খ্রি. হতে ২৭/০২/২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন<br>**দরপত্র বাক্সে দরপত্র দাখিলের তারিখ ও সময়:**<br>তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি. সময়: সকাল ৯.০০টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত।<br>**দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়:**<br>তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি. সময়: বেলা-২.৩০ টা।<br>**৩) ৩য় পর্যায়:**<br>**দরপত্র বিক্রির তারিখ ও সময়:**<br>২৯/০২/২০২৪ খ্রি. হতে ১২/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন<br>**দরপত্র বাক্সে দরপত্র দাখিলের তারিখ ও সময়:**<br>তারিখ: ১৩/০৩/২০২৪ খ্রি. সময়: সকাল ৯.০০টা হতে বেলা ১.০০টা পর্যন্ত<br>**দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়:**<br>তারিখ: ১৩/০৩/২০২৪ খ্রি. সময়: বেলা-২.৩০ টা। |
| ২) | গুনভড়ি হাট | ৩৯২/- | ৫০০/- | |
| ৩) | কালিরবাজার হাট | ৩.১২,৩৭০/- | ১,৪০০/- | |
| ৪) | আনন্দ বাজার হাট | ৫,৩৭১/- | ৫০০/- | |
| ৫) | দেলুয়াবাড়ী হাট | ১,৪৪৯/- | ৫০০/- | |
| ৬) | জিগাবাড়ী হাট | ৪,১৬৯/- | ৫০০/- | |
| ৭) | আলগারচর হাট | ১,২১,৬৫৩/- | ১,০০০/- | |
| ৮) | খাটিয়ামারী হাট | ১,৮০২/- | ৫০০/- | |
| ৯) | পূর্বফুলছড়ি হাট | ২৫২/- | ৫০০/- | |
| ১০) | মশামারী হাট | ২৪৭/- | ৫০০/- | |
| ১১) | সন্যাসীরচর হাট | ৮৪,৯৯৫/- | ৫০০/- | |
| ১২) | পশ্চিম ভাটিয়াপাড়া | ১৩,১০৩/- | ৫০০/- | |
| ১৩) | তালতলা হাট ও বাজার | ৩,৭১০/- | ৫০০/- | |

আগ্রহীদের নির্ধারিত তারিখ ও সময়সূচী মোতাবেক এসাথে উল্লিখিত শর্তানুযায়ী দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো।

### শর্তাবলি:

১। দরপত্র ফরমসমূহ বর্ণিত সময়সুচি মোতাবেক অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, ফুলছড়ি, ফুলছড়ি থানা, সোনালী ব্যাংক লি. ফুলছড়ি শাখা এবং নিম্নসাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত সংগ্রহ করা যাবে এবং ধার্য তারিখে নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা, পুলিশ সুপারের কার্যালয়, গাইবান্ধা, উপজেলা ভূমি অফিস, ফুলছড়ি, গাইবান্ধা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাক) খোলা হবে।

২। দরদাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যেকোনো তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোনো ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পন করা হবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার ০৭(সাত) কর্মদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্যের সাথে ৬% যোগকৃত মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র কার্যক্রম গ্রহণ করা হবে। প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের ইজারা মূল্যের (৬%সহ) উপর সরকারি মূল্য অপেক্ষা কম হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের ফি ছাড়া কোনো দরপত্র ফরম বিক্রয় করা হবে না।

চলমানপাতা-০২

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃথক পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনোক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোনো প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি স্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন। ইজারাদার নিজ খরচে একটি রেজিস্টার সংরক্ষণ।

১৩। কোনো প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার ওপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার কোন অর্থ বা প্রাপ্য বলে ঐ অর্থ সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৬। কোনো বিশেষ কারণে যদি দরপত্র দাখিলের তারিখ পরিবর্তন করার একান্ত প্রয়োজন হয়, তাহা হলে দরপত্র আহবানকারী কর্মকর্তা ব্যাপক প্রচারের পদক্ষেপ গ্রহণপূর্বক লিখিতভাবে দরপত্র গ্রহণের পরবর্তী তারিখ ও সময় ঘোষণা করতে পারবে।

১৭। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/০২/২০২৪

(আবু সাঈদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলছড়ি, গাইবান্ধা।
মোবাইল ফোন নম্বর-০১৭৬২-৬৯৫০৭৭
ই-মেইল: uno.phulgai5@gmail.com